

# জাতীয় বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার তারিখ পরিবর্তন

অনলাইন ডেক্স

০৯ মে, ২০২৫ ২১:২১

শেয়ার

অ +

অ -



সংগ্রহীত ছবি

২০২৪-২৫ শিক্ষাবর্ষে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষার তারিখ পরিবর্তন করা হয়েছে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের পরিচালক (ভারপ্রাপ্ত) মো. মোস্তাফিজুর রহমান শুক্রবার (৯ মে) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানান।

তিনি বলেন, অনিবার্য কারণে আগামী ২৪ মে 'র পরিবর্তে আগামী ৩১ মে শনিবার সকাল ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ভর্তি পরীক্ষা সংক্রান্ত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে বলে জনসংযোগ দণ্ডর জানায়।